যুগান্তর

তারিখ .. 11-DEC-2017 ...
পৃষ্ঠা ... কলাম ... ......

প্রাথমিকের বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস!

# লোহাগড়ায় প্রধান শিক্ষক আটক

**লোহাগড়া (নড়াইল) প্রতিনিধি**

নড়াইলের লোহাগড়া উপজেলায় প্রাথমিক স্তরের বার্ষিক পরীক্ষা সোমবার থেকে শুরু হতে যাচ্ছে। এদিকে পরীক্ষা শুরু হওয়ার আগের দিন রোববার সন্ধ্যায় ১১২নং নোওখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জিল্লুর রহমান ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর সব বিষয়ের প্রশ্ন ফটোকপি করার সময় পুলিশের হাতে আটক হয়। এ ঘটনায় ওই শিক্ষককে পরীক্ষার সব কার্যক্রম থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

জানা গেছে, উপজেলার শালনগর ইউপির ১১২নং নোওখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জিল্লুর রহমান রোববার সন্ধ্যায় বিদ্যালয় থেকে ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর সব বিষয়ের প্রশ্নপত্র থানার মিজান স্টোরে ফটোকপি করার সময় স্থানীয় জনতার সন্দেহ হয় এবং বিষয়টি পুলিশকে অবহিত করে। লোহাগড়া থানার এসআই শাহিন ফটোকপির দোকান থেকে ওই শিক্ষককে ফটোকপি প্রশ্নপত্রসহ আটক করেন। পরে তাকে লোহাগড়া উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে হাজির করা হয়। এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা না থাকায় প্রাথমিক শিক্ষা কর্মকর্তা লুৎফর রহমানকে অবহিত করা হয়। ওই শিক্ষক সৈয়দ জিল্লুর রহমান শিক্ষা কর্মকর্তার কাছে প্রশ্নপত্র ফাঁসের কথা স্বীকার করেন। নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক অভিভাবক জানান, জিল্লুর রহামনসহ অনেক শিক্ষক প্রাইভেট ও কোচিং বাণিজ্যের সঙ্গে জড়িত রয়েছে। তারা বিভিন্ন সময় গোপনে প্রশ্নপত্র ফাঁস করে মোটা অঙ্কের টাকা হাতিয়ে নিচ্ছে। এতে করে কোমলমতি শিক্ষার্থীর ক্ষতি হচ্ছে। এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা লুৎফর রহমান বলেন, প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে ওই প্রধান শিক্ষক সৈয়দ জিল্লুর রহমানকে আসন্ন বার্ষিক পরীক্ষার সব কার্যক্রম থেকে অব্যাহতি দিয়ে ছেড়ে দেয়া হয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মু. শাহআলম প্রশ্নপত্র ফাঁসের বিষয় তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।